গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১ শাখা
www. minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.(অংশ-২)-৬৭৪

তারিখ: ০২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রজ্ঞাপন

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী জেলা ও উপজেলা থেকে সাধারণ আবেদনে সরকারি জলমাহল ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার **(Calendar Year)** মধ্যে নিষ্পন্ন করা এবং সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্ণিত বর্ষপঞ্জিকা/সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

**(ক) জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একরের উর্ধ্বে (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনার বর্ষপঞ্জিকা/সিডিউল:**

| ক্র নং | তারিখ | গৃহীতব্য কার্যক্রম |
|---|---|---|
| ১. | ২১ পৌষের মধ্যে | জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহ্বান। |
| ২. | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩. | ১৪ মাঘ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল। |
| ৪. | ২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫. | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুনের মধ্যে | জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬. | ০৫ ফাল্গুণ থেকে ২৫ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিভাগীয় কমিশনার কর্তৃক অনুমোদন। |
| ৭. | ২৬ ফাল্গুণ থেকে ২৮ ফাল্গুণের মধ্যে | জেলা প্রশাসক কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮. | ২৯ ফাল্গুণ থেকে ২০ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ৯. | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**(খ) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনার বর্ষপঞ্জিকা/সিডিউল:**

| ক্র নং | তারিখ | গৃহীতব্য কার্যক্রম |
|---|---|---|
| ১. | ২১ পৌষের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহ্বান। |
| ২. | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩. | ১৪ মাঘ এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৪. | ২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫. | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬. | ০৫ ফাল্গুণ থেকে ২৫ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৭. | ২৬ ফাল্গুণ থেকে ২৮ ফাল্গুণের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮. | ২৯ ফাল্গুণ থেকে ২০ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৯. | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

০২। বর্ণিত বর্ষপঞ্জিকা/সিডিউল অনুযায়ী জেলা ও উপজেলা থেকে সাধারণ আবেদনে সরকারি জলমহালের ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৯/১২/২৪

এ এস এম সালেহ্ আহমেদ
সিনিয়র সচিব
ফোন: +৮৮০২৯৫৫৫০৪৩
ফ্যাক্স: +৮৮০২৯৫৪০০২৫
ইমেইল: secretary@minland.gov.bd

Scanned with CamScanner

অপর পৃষ্ঠা

h:\প্রজ্ঞাপন-১৪৩২-১৪৩৪.docx

নম্বর: ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.(অংশ-২)-৬২৪/১(১০০০)

তারিখ: ০২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার (সকল)।
০৬। যুগ্মসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ২৭৭/৫/এ, শহিদ জননী জাহানারা ইমাম সরণি, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
০৮। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার দপ্তর, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। উপসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপপরিচালক, সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী/ বিশেষ সংখ্যায় দ্রুত প্রকাশের অনুরোধসহ)।
১১। জেলা প্রশাসক (সকল)।
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৩। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। জনসংযোগ কর্মকর্তা, মাননীয় উপদেষ্টার দপ্তর, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সহকারী কমিশনার (ভূমি) (সকল)।
১৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। জনাব মোহাম্মদ সামাওয়াত উল্লাহ, ব্যবস্থাপনা পরিচালক, অলিভিন লিমিটেড, বাসা নং-৩১০, (৫ম তলা), রাস্তা নং-২১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
১৮। অফিস নথি/মাস্টার নথি।

Scanned with CamScanner